



স্মারক নম্বর-বিঅ-৬/৪০৩

তারিখ : ০৯-০৮-২০২৩ খ্রি.

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন, কমিটি অনুমোদন, মিনিস্ট্রি অডিট, বিষয় খোলা, শাখা খোলাসহ বিভিন্ন কাজের জন্য যশোর শিক্ষা বোর্ড কর্মকর্তাদের নাম (বিদ্যালয় পরিদর্শক) ব্যবহার করে বিকাশ, নগদ, রকেটসহ অন্য যেকোন প্রকার অনলাইন অথবা মোবাইলের মাধ্যমে অর্থ প্রেরণের জন্য বিভিন্ন মোবাইল নম্বর থেকে ফোন করার অভিযোগ পাওয়া যাচ্ছে। উল্লেখ্য, বোর্ডের সকল কার্যক্রমের ফিস সোনালী ব্যাংকের সোনালী পেমেণ্ট গেটওয়ের মাধ্যমে অনলাইনে গ্রহণ করা হয়ে থাকে। এমতাবস্থায়, প্রতারক চক্রের (০১৩২৫-৯২৮৬৫৭) সাথে কোনভাবেই বিকাশ, নগদ ও রকেটসহ অন্য যেকোন প্রকার অনলাইন অথবা মোবাইলের মাধ্যমে লেনদেন না করা এবং এ ধরনের কোন নম্বর থেকে ফোন আসলে তা স্থানীয় থানায় জিডি করার পাশাপাশি বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন: ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৪০৩(১-৮)

তারিখ : ০৯-০৮-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। পুলিশ সুপার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৩। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
(পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
- ৮। সংরক্ষণ নথি।


০৯/০৮/২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর